

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ১১২

আরবি মূল আয়াত:

وَمَنْ يَعْمَلْ مِنَ الصَّالِحَاتِ وَهُوَ مُؤْمِنٌ فَلَا يَخَفُ ظُلْمًا وَلَا هَضْمًا

﴿ ১১২ ﴾

অনুবাদসমূহ:

এবং যে মুমিন অবস্থায় ভাল কাজ করবে সে কোন যুলম বা ক্ষতির আশংকা করবে না। — আল-বায়ান

যে সৎ কাজ করবে মু'মিন হয়ে, তার অবিচার বা ক্ষতির কোন আশংকা নেই। — তাইসিরুল

এবং যে সৎ কাজ করে মু'মিন হয়, তার আশংকা নেই অবিচারের এবং ক্ষতিরও। — মুজিবুর রহমান

But he who does of righteous deeds while he is a believer - he will neither fear injustice nor deprivation. — Sahih International

১১২. আর যে মুমিন হয়ে সৎকাজ করে, তার কোন আশংকা নেই অবিচারের এবং অন্য কোন ক্ষতির।

-

তাফসীরে জাকারিয়া

(১১২) আর যে বিশ্বাসী হয়ে সৎকাজ করে তার কোন অবিচার ও ন্যায্য অধিকার থেকে বঞ্চার আশঙ্কা নেই। [1]

[1] বে-ইনসাফি (অন্যায় বা অবিচার) এই যে, অন্যের পাপের বোঝা কারো ঘাড়ে চাপিয়ে দেওয়া হবে। আর অধিকার হনন বা ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করা এই যে, নেকীর বদলা কম করে দেওয়া হবে। কিয়ামতে এ উভয় জিনিসই হবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2460>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন